

স্মারক নম্বর: ৪৬.০৮৪.০১৮.০২.০০.০৫৩.২০১৩.৭০

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬

২৪ এপ্রিল ২০১৯

বিষয়: “রাজশাহী ওয়াসা ভূ-উপরিস্থ পানি শোধনাগার” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ৫২.০০৪৮ একর জমির মধ্যে বাংলাদেশ রেলওয়ের ১.৫১০৯ একর জমি রাজশাহী ওয়াসার অনুকূলে হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র: রাজশাহী ওয়াসার স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০২.৯৯.২৬৯.১৮.১৭৮, তারিখ-২০/০৩/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার এবং চীন সরকার এর যৌথ অর্থায়নে ‘রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থ পানি শোধনাগার’ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। গত ১১/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী ওয়াসা ৫২.০০৪৮ একর ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, রাজশাহী বরাবর প্রস্তাব প্রেরণ করে। তৎপ্রেক্ষিতে ২৩/০১/২০১৯ তারিখে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত পর্যালোচনায় দেখা যায়, অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ৫২.০০৪৮ একর ভূমির মধ্যে প্রকল্পের ইনটেক এলাকায় ১.৫১০৯ একর ভূমি বাংলাদেশ রেলওয়ের নামে আর.এস. রেকর্ডভুক্ত আছে।

বাংলাদেশ রেলওয়ের ভূমির তপশিল নিম্নরূপ:

জেলাঃ রাজশাহী, থানাঃ গোদাগাড়ী, মৌজার নামঃ জোত গোসাঁই দাস, জে.এল নং-১৯৯

ক্রমিক নং	আর.এস খতিয়ান নং	দাগ নং (আর.এস)	রেকর্ডীয় শ্রেণী	দাগে জমির পরিমাণ (একর)	হস্তান্তরের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)
১.	২	৩৫ আংশিক	ভিটা	০.৮০	০.৪৮১০
২.	২	২৫ আংশিক	ভিটা	০.২০	০.০১৬০
৩.	২	২৪ আংশিক	বাড়ী	০.৩৮	০.১০৬০
৪.	২	৪ আংশিক	ভিটা	২.০০	০.৬৬৮০
৫.	২	৬২ আংশিক	ভিটা	০.০৮	০.০০৪০
৬.	২	৬১ আংশিক	ভিটা	০.০৭	০.০২৮০
৭.	২	৬৪ আংশিক	বাড়ী	০.০৬	০.০৩৯০
৮.	২	৩৩ আংশিক	বাড়ী	০.১২	০.০০১০
৯.	২	৩৪ আংশিক	ভিটা	০.১১	০.০০০৯
১০.	২	৮২ আংশিক	ধানী	১.২৭	০.১৪৭০
১১.	২	৬৩ আংশিক	সড়ক	০.৩৮	০.০২০০
মোট =				৫.৪৭০০	১.৫১০৯

০২। উল্লেখ্য, নদীর গভীরতা ও পানির প্রাপ্যতা বিবেচনায় নিয়ে IWM (Institute of Water Modelling) প্রাথমিক সম্ভাব্যতা যাচাই শেষে পদ্মানদীর তীরবর্তী এই স্থানটিতে প্রকল্পের ইনটেক নির্মাণের সুপারিশ করেছে। প্রকল্পের ইনটেক এলাকার আনুমানিক ১৭ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে বাংলাদেশ রেলওয়ের কোন রেল লাইন বা অবকাঠামো নেই। প্রকল্পটি বাস্তবায়নের স্বার্থে বাংলাদেশ রেলওয়ের উক্ত ১.৫১০৯ একর ভূমি রাজশাহী ওয়াসার অনুকূলে হস্তান্তর করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, “রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থ পানি শোধনাগার” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের ১.৫১০৯ একর ভূমি রাজশাহী ওয়াসার অনুকূলে হস্তান্তরের বিষয়ে অনাপত্তি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



৩০-৪-২০১৯

মোহাম্মদ সামছুল হক

উপসচিব

সচিব

রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪৬.০৮৪.০১৮.০২.০০.০৫৩.২০১৩.৭০/১

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬

২৪ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) যুগ্মসচিব (পাস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) সংশ্লিষ্ট নথি।



৩০-৪-২০১৯

মোহাম্মদ সামছুল হক

উপসচিব